বাগেরহাট এলজিইডি ঠিকাদার কল্যাণ সমিতির সভাপতি আবুবক্কর, সম্পাদক রব

বাগেরহাট এলজিইডি ঠিকাদার কল্যাণ সমিতির দ্বিবার্ষিক সম্মেলন অনুষ্ঠিত হয়েছে। শনিবার দুপুরে শহরের দশানী এলাকায় ঠিকাদার কল্যাণ সমিতির নিজ¯^ ভবনে এই সম্মেলন অনুষ্ঠিত হয়। শ্রমিকনেতা ও ঠিকাদার খান আবু বক্কর সিদ্দিকের সভাপতিত্বে অনুষ্ঠিত সম্মেলনে প্রধান অতিথি ছিলেন বাগেরহাট চেম্বার অব কমার্সের সাবেক সভাপতি ও ঠিকাদার সরদার আনছার উদ্দীন। অনুষ্ঠানটি সঞ্চালনা করেন ঠিকাদার কল্যাণ সমিতির সাধারণ সম্পাদক আব্দুর রব সরদার।

সম্মেলনে বক্তারা বলেন, স্থানীয় সরকারকে শক্তিশালী করতে মাঠ পর্যায়ের ঠিকাদাররা সহযোগিতা করে থাকে। তারা সরকারের দেয়া নির্দেশনা অনুযায়ি গ্রামীণ অবকাঠামো, রাস্তাঘাটসহ নানা উন্নয়নমূলক কর্মকান্ডে এলজিইডি’র ঠিকাদাররা গুরুত্বপূর্ণ দায়িত্ব পালন করে আসছে। ঠিকাদারদের কল্যাণের জন্য এই সংগঠন গড়ে তোলা হয়েছে। এই কল্যাণ সমিতি’র ঐক্য ধরে রাখতে ঠিকাদারদের একযোগে কাজ করতে হবে। সবাই যাতে মিলেমিশে সরকারের উন্নয়ন সহযোগি হতে পারি সেজন্য সরকারের বেঁধে দেয়া দিক নির্দেশনা মেনে চলতে সমিতির সদস্যদের প্রতি আহবান জানান বক্তারা।
সম্মেলনে বক্তব্য দেন ঠিকাদার মো. হাবিবুর রহমান, সরদার শুকুর আহমেদ, গোলাম মোস্তফা মধু, ও ঝুমুর প্রমূখ।
পরে বাগেরহাট এলজিইডি ঠিকাদার কল্যাণ সমিতির দ্বিবার্ষিক সম্মেলনে ঠিকাদার সমাজসেবক খান আবু বক্কর সিদ্দিককে সভাপতি এবং সমাজসেবক আব্দুর রব সরদারকে সাধারণ সম্পাদক করে ৫১ সদস্য বিশিষ্ট কমিটি ঘোষণা করা হয়।